



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১


ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১৬/১২/২০২১

মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপন পাবিপ্রবিতে

(১৬/১২/২০২১): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উৎসব মুখর পরিবেশ ও যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবসের সুবর্ণজয়ন্তী উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ সকাল ১০.৩০ টায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মারক ম্যুরাল 'জনক জ্যোতির্ময়' ও স্বাধীনতা চত্বরে ফুল দিয়ে মহান মুক্তিযুদ্ধের শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন।



(১৬/১২/২০২১) মহান বিজয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল জনক জ্যোতির্ময়ে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

এসময় আরও শ্রদ্ধাজ্ঞাপন করেন বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর অফিস, ছাত্র উপদেষ্টা দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল প্রশাসন, শেখ হাসিনা হল প্রশাসন, পরিবহন পুল, ব্যবসায় প্রশাসন বিভাগ, ইইই বিভাগ, গণিত বিভাগ, বাংলা বিভাগ, অর্থনীতি বিভাগ, ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, ইংরেজি বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, রসায়ন পরিবার, পদার্থবিজ্ঞান সমিতি, লোক প্রশাসন সমিতি, ভূগোল ও পরিবেশ সমিতি, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, সমাজকর্ম বিভাগ, সিভিল ইঞ্জিনিয়ারিং সমিতি, আইসিই অ্যাসোসিয়েশন, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স অ্যাসোসিয়েশন, কর্মচারী পরিষদ, রোভার স্কাউটস গ্রুপসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব শতবর্ষ উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক শপথ বাক্য পাঠ করেন পাবপ্রবির উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলীসহ শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

শ্রদ্ধাজ্ঞাপন শেষে উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী মহান মুক্তিযুদ্ধ ও জাতির পিতার চেতনাকে ধারণ করে বাংলাদেশ তথা পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার জন্য আহবান জানান।

এ সময় উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানগণ, হলের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, পরিবহন প্রশাসক, গেস্ট হাউজ প্রশাসক, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রলীগ নেতৃবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ হাবিবুল্লাহ।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

শহীদদের আত্মার মাগফেরাত কামনায় এক মিনিট নিরবতা পালন ও দোয়ার মাধ্যমে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করা হয়। এদিকে বিজয় দিবস উপলক্ষে সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের পুরুষ কর্মকর্তা-কর্মচারী ও পুরুষ শিক্ষকদের মধ্যে ফুটবল খেলা, সকাল ১১.৩০ টায় মহিলা কর্মকর্তা-কর্মচারী ও মহিলা শিক্ষকদের মধ্যে বাজনা শেষে বালিশ কোথায় খেলা অনুষ্ঠিত হয়। সকাল ১১.৫০ টায় ছাত্রীদের বাজনা শেষে বালিশ কোথায় এবং দুপুর ১২.২০ টায় ছাত্রদের ফুটবল খেলা অনুষ্ঠিত হয়।

এছাড়া বিকেল ৪.৩০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর শপথ বাক্য পাঠ অনুষ্ঠানে উপাচার্যসহ ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইলঃ-০১৭১১৯৪২২১২